

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৬. আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা

আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেন,

فَهَلْ عَسَيْتُمْ إِن تَوَلَّيْتُمْ أَن تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ * أُولَٰئِكَ الَّذِينَ لَعَنَهُمُ اللَّهُ فَأَصَمَّهُمْ وَأَعْمَىٰ أَبْصَارَهُمْ

'তোমাদের কাছে এর চেয়ে বেশী কিছু আশা করা যায় কি, তোমরা (ক্ষমতা পাওয়ার পর) মুখ ফিরিয়ে নেবে পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করার জন্য এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে। এদের প্রতিই আল্লাহর লানত, তাদেরকেই আল্লাহ্ অন্ধ ও বধির করে দিয়েছেন।[১]

অন্যত্র বলা হয়েছে,

الَّذِينَ يَنقُضُونَ عَهْدَ اللَّهِ مِن بَعْدِ مِيتَاقِهِ وَيَقْطَعُونَ مَا أَمَرَ اللَّهُ بِهِ أَن يُوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ ۚ ۚ أُولَٰئِكَ هُمُ الْخَاسِرُونَ

'(বিপথগামী তো তারা) যারা আল্লাহর সাথে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার পর তা ভঙ্গ করে এবং যা অবিচ্ছিন্ন রাখার নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে আর পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করে বেড়ায়। প্রকৃতপক্ষে ওরাই ক্ষগ্রিস্ত।[২] আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

من أحب أن يبسط له في رزقه ويُنسأ له في أثره فليصل رحمه

"যে ব্যক্তি চায়- তার রিযিকের প্রশস্ততা হোক এবং আয়ু বেড়ে যাক তার উচিত আত্মীয়তার সম্পর্ক অটুট রাখা।[৩]

যুবাইর ইবনু মুতয়িম (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

لا يَدْخُلُ الجَنَّةَ قَاطِعٌ يَعْني: قاطِع رحِم.

আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না।"[8]

ফুটনোট

[১]. সূরা মুহাম্মাদ, আয়াত : ২২, ২৩।

[২]. সূরা আল বাকারা, আয়াত : ২৭।



- [৩]. সহীহ্ আল বুখারী; সহীহ্ মুসলিম।
- [8]. সহীহ আল বুখারী; সহীহ মুসিলম।
- Source https://www.hadithbd.com/books/link/?id=12354

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন